



ঝিনাইদহে গরু লুটের অভিযোগে কথিত সাংবাদিক আটক



আটক আশরাফুল। ছবি: সংগৃহীত

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার মাধবপুর এলাকায় সাংবাদিক পরিচয় ব্যবহার করে গরু লুটের অভিযোগে আশরাফুল নামের এক যুবককে আটক করা হয়েছে। স্থানীয়দের দাবি, মোহন শেখ হত্যা মামলার প্রেক্ষাপটে এলাকায় উত্তেজনা বিরাজ করছে, এর মধ্যেই আক্কাসের ছেলে আশরাফুল নিজেকে সাংবাদিক পরিচয় দিয়ে একাধিক গরু লুট করেছে।

রাতের বেলায় গরু নিয়ে পালানোর সময় এলাকাবাসী তাকে হাতেনাতে ধরে ফেলে। পরে তাকে থানায় সোপর্দ করা হয়েছে বলে পুলিশ জানিয়েছে।

ভুক্তভোগীরা অভিযোগ করেছেন, আশরাফুলের নেতৃত্বেই এলাকায় লুটপাট, হামলা ও ভাঙচুরের ঘটনা ঘটছে। তিনি আবু জাহিদ চৌধুরীর ঘনিষ্ঠ হিসেবে পরিচিত বলেও দাবি তাদের। এলাকাবাসীর আশঙ্কা, দ্রুত ব্যবস্থা না নেওয়া হলে মাধবপুর গ্রামে আইনশৃঙ্খলা পরিস্থিতির আরও অবনতি হতে পারে।